দৈনিক বাংলা

তারিখ 27 JUL 1994
পৃষ্ঠা ৭ কলাম ৩

61

# পটুয়াখালী বিশ্ববিদ্যালয় কলেজে শিক্ষকের ২১টি পদ শূন্য

নিজস্ব সংবাদদাতা : পটুয়াখালী, ২৬ জুলাই।—পটুয়াখালী সরকারী বিশ্ববিদ্যালয় কলেজে ৮৮টি শিক্ষক পদের মধ্যে ২১টি, পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। ফলে এ কলেজে শিক্ষা কার্যক্রম দারুণ বিঘ্নিত হচ্ছে।

পটুয়াখালী জেলার সবচেয়ে পুরানো এবং উচ্চ বিদ্যাপীঠ পটুয়াখালী সরকারী বিশ্ববিদ্যালয় কলেজে বর্তমানে দু'সহস্রাধিক ছাত্র-ছাত্রী লেখাপড়া করছে। এ কলেজে ৮টি বিষয়ে সম্মানসহ মোট ১৬টি বিষয়ভিত্তিক বিভাগ চালু রয়েছে। কলেজের অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ ৮৮টি শিক্ষক পদ রয়েছে। এর মধ্যে ২১টি পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। শূন্য পদের মধ্যে ১টি অধ্যাপক পদ, ৩টি সহযোগী অধ্যাপক পদ, ১টি সহকারী অধ্যাপক পদ এবং ১৬টি প্রভাষক পদ রয়েছে। বাংলা, উদ্ভিদ্ বিদ্যা এবং আরবী ও ইসলামী শিক্ষা বিভাগ ছাড়া সব বিভাগে শিক্ষক স্বল্পতা রয়েছে।

এ কলেজে এক-চতুর্থাংশ শিক্ষক পদ শূন্য থাকায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। শিক্ষক স্বল্পতার দরুন বেশ কয়েকটি বিষয়ের নির্ধারিত সিলেবাস সম্পন্ন করা যাচ্ছে না।

এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া উচিত।